Keep your finger down - আঙ্গুল নামিয়ে কথা বলো।

I will see you my foot - তোমাকে দেখে নেব।

You won't get away more - তুমি আর পার পাবে না।

He has got on my nerver - সে আমাকে ত্যাক্ত-বিরক্ত করে রেখেছে।

What a big devil! - কত বড় শয়তানরে বাবা!

I'll slap you - আমি তোমাকে থাপ্পড় দেব।

I will slap off your teeth - থাপ্পর দিয়ে দাত ফেলে দেব।

I will make you flat by beating - তোমাকে পিটিয়ে সোজা করে দেব।

Keep your voice down - গলা নামিয়ে কথা বলো।

Keep your eyes down - চোঁখ নামিয়ে কথা বলো।

I will dip you into dirty water - তোমাকে পচা পানিতে চুবিয়ে দেব।

I will teach you a good lesson - তোমাকে উচিত শিক্ষা দিবো।

I will kick you out from here - তোমাকে লাথি দিয়ে বের করে দেব এখান থেকে।

Hold your tongue - মুখ সামলে কথা বলো।

Don't grow so far - বেশি বার বেড়ো না।

Mind your own business - নিজের চরকায় তেল দাও।

Do you think that I am a fool? - তুমি কি মনে কর আমি একটা বোকা?

Don't cross your limit - সীমা ছাড়িয়ে যেওনা।

Have you gone mad? - তুমি কি পাগল হয়ে গেছো?

Don't show your audacity - স্পর্ধা দেখিও না।

You devil! Hold your tongue before speaking - ওরে পাষণ্ড! মুখ সামলে কথা বলিস!

You're talking all nonsense - তুইতো একটা গাধার মত কথা বলছিস।

You have to mend your ways - তোমার স্বভাব বদলাতে হবে।

Why do you show so much ifs and buts? - এত অজুহাত দেখাচ্ছে কেন?

Why are you doing so much grumbling and mumbling?

এত ঘ্যান ঘ্যান প্যান প্যান করছো কেন?

I can't tolerate you anymore.

আমি আর তোমাকে সহ্য করতে পারছি না।

I got a lot of patience, no more buts.

আমি অনেক ধৈর্য ধরেছি, আর কিন্তু নয়।

He is wicked to the backbone - সে হাড়ে হাড়ে দুষ্ট।

Don't try to teach me - আমাকে শেখাতে এসো না।

I don't like your tittle-tattle - তোমার বকবকানি আমার ভাল লাগে না।

There should be a limit of madness - পাগলামীর একটা সীমা থাকা উচিত।

A bad workman quarrels with his tools - নাচতে না জানলে উঠান বাঁকা।

My head is getting hot - আমার মাথা গরম হয়ে যাচ্ছে।

Given the one, the other will follow - কান টানলে মাথা আসে।

He said all these within my hearing - সে আমাকে শুনিয়ে-শুনিয়ে কথা গুলো বলল।

You will not be able kill a cat let alone tiger.

তুমি বাঘতো দূরের কথা একটি বিড়ালও মারতে পারবে না।

Civility costs nothing - ভদ্র হতে পয়সা লাগে না।

Empty vessels sound much - শূন্য কলসী বাজে বেশি।

Better an empty house than an ill tenant - দুষ্ট গরুর চেয়ে শূন্য গোয়াল ভালো।

The point is that she is a liar - মূল বিষয়টি হচ্ছে সে একজন মিথ্যাবাদী।

He talks too much - উনি একটু বেশি বলেন।

Who on earth did this? - কোন বেটা করেছে এ কাজ? (বিরক্তি প্রকাশার্থে)

Where on the earth have you been? - তুমি ছিলে কোথায়?

Why are you so jostling? - তুমি এত ধাক্কাধাক্কি করছ কেন?

Be aware of this type of man - এই ধরনের লোক থেকে সাবধান থাকবে।

How dared you do this? - তুমি কোন সাহসে এটা করলে?

Who are you to interfere here? - তুমি এখানে নাক গলানোর কে?

For shame! You have done this! - ছি! ছি! তোমার এমন কাজ!

He turned me mad - সে আমাকে পাগল করে দিয়েছে।

What harm have I done to you? - আমি তোমার কি ক্ষতি করেছি?

Have you gone crazy? - মাথা ঠিক আছে আপনার?

Just foolish - হাবা কোথাকার।

Bluffing a little - চাপাবাজি কম কর।

Do not harp on the same thing - এক কথা বারবার বলো নাতো।

Will you shut up? - তুমি কি চুপ করবে?

When will you come to your sense? - কবে তোমার বুদ্ধি হবে?

It is all the same whether such a boy live or die - এমন ছেলে বাঁচলেও যা মরলেও তা।

To say the least, he is a great pert - কম করে বললেও, সে একটা আস্ত ফাজিল।

Who the hell are you? - তুই আবার কে? (বিরক্তি)

What the hell are you? - তুমি কোন লাট সাহেবের বাচ্চা?

What the hell are you doing? - কি ঘোড়ার ডিম করছো?

What the hell are you doing? - কি ছাই করছো তুমি?

What the hell are you talking about? - কি যা তা বলছেন আপনি?

Who the hell is doing it? - কোন শয়তান এটা করছে?

What the hell is doing here? - কি শয়তানি হচ্ছে এখানে?

Note: What/who the hell.....

(বিরক্তি প্রকাশ বা শয়তানি কর্মকাণ্ড বুঝাতে hell শব্দ ব্যবহার করে ইংরেজিতে স্মার্টভাবে প্রকাশ করা যায়)

দৈনন্দিন সাধারণ ডায়ালগ

- The sooner, the Better - যত শিগগির, তত ভাল।
- It has been so long - কতদিন পর দেখা।
- Have your say - তোমার কথা বল।
- I don't recognize you - আমি আপনাকে চিনতে পারছি না।
- Don't be so disappointed - এত হতাশ হয়ো না।
- Don't stretch matters - কথা বাড়িও না।
- I will dine out - আমি বাহিরে খাব।
- It's a word of no implication - এটা একটা কথার কথা।
- Would you remind me? - তুমি আমাকে মনে করিয়ে দিবে?
- Why do you hum and haw? - আমতা আমতা করো কেন?
- Why do you look blank at me? - আমার দিকে ফ্যাল ফ্যাল করে চেয়ে আছ কেন?
- What about your preference? - তোমার পছন্দটি কি?
- Anything new going on? - নতুন কোনো খবর আছে?
- Oh! I forgot to mention! - ঐ দেখ ভুলেই গিয়েছিলাম!
- I'm passing short time - আমার দিনকাল ভাল যাচ্ছে না।
- You are hiding something back to me - আমার কাছে কিছু লুকাচ্ছ তুমি।
- Allah helps him who helps himself
যে নিজেকে নিজে সাহায্য করে, আল্লাহ তাকেই সাহায্য করে।
- Nothing is forever - কোন কিছুই চিরস্থায়ী না।
- I am in a bit of a hurry - আমার একটু তাড়া আছে।
- Oh! I am undone - মাগো! গেলাম!
- Nothing happens without Reason - খালি খালি কিছু হয়না।
- Why would you not be the best while I am the worst? - আমি অধম বলিয়া তুমি উত্তম হইবেনা কেন?
- I could not but laugh - আমি না হেসে পারলাম না।
- I have got nothing left to say - আমি কিছু বলার বাকি রাখি নাই।
- I have to do whatever it needs - যা করার আমাকেই করতে হবে।

Who doesn't want to be great? - বড় হতে কে না চায়?

Won't you come here - তুমি কি আসবেনা এখানে?

They do not let me be better - ওরা আমাকে ভাল হতে দিলনা।

How have you become so weak? - তুমি কিভাবে এত দুর্বল হয়ে পড়লে?

So far I can guess - যতটুকু আমি অনুমান করতে পারি।

Feeling nothing to do - কিছু করতে ইচ্ছে করছেনা।

I was just joking - আমি তো কেবল পরিহাস করছিলাম।

There are no mistakes in the Holy Quran - পবিত্র কোরআনে কোন ভুল নেই।

It's too monotonous - এটা বড্ড একঘেয়ে।

It is 7.0 clock sharp - এখন কাটায় কাটায় ৭ টা বাজে।

Where have you been? - কোথায় ছিলে এতক্ষণ।

It doesn't suit me - এটা আমার সাথে মানায় না।

He is a living legend - তিনি একজন জীবন্ত কিংবদন্তী।

Give a round of applause - তালি দিন।

Bye for today - আমি আজকে উঠি?

Why are you losing your temper? - কেন মাথা খারাপ করছেন?

Too add insult to injury - কাটা ঘায়ে নুনের ছিটা।

Who will start the work first? - কাজটি প্রথমে কে শুরু করবে।

Don't think these are too easy - এগুলোকে এত সহজ ভেবো না।

There are many more things to know - জানার অনেক কিছু আছে।

I used to smoke cigarettes, now I don't. - আমি ধূমপান করতাম, এখন করি না।

You can say whatever you like - যা মনে চায় বলতে পার।

So long, see you later - আচ্ছা, তাহলে আবার দেখা হবে।

A friend in need is a friend indeed - বিপদের বন্ধুই প্রকৃত বন্ধু।

How about having a cup of coffee? - এক কাপ কফি পান করলে কেমন হয়?

May be or not - হতেও পারে আবার নাও হতে পারে।

Don't take it ill - খারাপ ভাববেন না।

A cat loves fish but is loath to wet her feet - ধরি মাছ না ছুঁই পানি।

I intend to learn English - আমার ইংরেজী শেখার ইচ্ছা আছে ।

Be sincere about him - তার ব্যাপারে যত্নবান হও ।

He is a skeptical - সে সন্দেহ প্রবন ।

You have disappointed me - তুমি আমাকে হতাশ করেছো ।

A barking dog seldom bites - যত গর্জে তত বর্ষে না ।

Do you need anything else? - তোমার আর কিছু লাগবে?

Do you know what this means? - তুমি কি জান এর মানে কি?

How much altogether? - সব মিলিয়ে কত?

I don't get that one whom I want, but get that one whom I don't

যাকে চাই তাকে পাইনা, যাকে পাই তাকে চাই না ।

All the item would like to test slightly

সবগুলো খাবার অল্প অল্প করে চেখে দেখতে চাই ।

I think of eating - আমি খাব খাব ভাবছি ।

Would you like a bit more? - আরেকটু নিবেন?

Keep working, I'll pay - কাজ করতে থাকো, টাকা আমি দেবো ।

Brothers will part - ভাই ভাই ঠাই ঠাই ।

All his geese are swans - নিজেরটা সবাই বড় দেখে ।

I didn't, though I wanted to go there - আমি সেখানে যেতে চেয়েও যাইনি ।

I have filled a little - আমার পেট কিছুটা ভরেছে ।

My problem has remained still now - আমার সমস্যাটা এখনো থেকেই গেলো ।

Fine words butter no parsnips - মিষ্টি কথায় চিড়ে ভিজে না ।

I want you to tell me the truth - আমি চাই তুমি আমাকে সত্য কথা বল ।

Don't worry so much, so what has to be - এত বেশি চিন্তা করনা যা হবার হয়েছে ।

Have a cup of tea at least - অন্তত এক কাপ চা খেয়ে যান ।

I won't take anymore tea today - আমি আজ আর চা পান করব না ।

The problem hasn't been solved yet - সমস্যাটি এখনও সমাধান করা হয়নি।

It takes two to make a quarrel - এক হাতে তালি বাজে না।

The boy is so fleshy - ছেলেটি বেশ নাদুস নুদুস।

Why do you hesitate? - তুমি এত ইতস্তত করছো কেন?

It looks like everybody is babbling - সবাই কেমন যেন বাজে বকছে।

A tree is known by its fruit - বৃক্ষ তোর নাম কি, ফলে পরিচয়।

He burst into laughter at my word - আমার কথায় সে হো হো করে হেসে উঠলো।

She burst into tears at my word - আমার কথায় সে হাউ মাউ করে কেঁদে ফেলল।

It looks like you are in trouble, tell me what happen?

মনে হচ্ছে আপনি সমস্যায় আছেন, কি ঘটনা বলুনতো?

To break a butterfly on a wheel - মশা মারতে কামান দাগা।

I know nothing in this connection - আমি এ বিষয়ে কিছুই জানি না।

Money makes everything - টাকায় কি না হয়।

Oh, let me sleep a while - ওহ, আর একটু ঘুমাতে দাও।

I'm having trouble sleeping lately - ইদানিং আমার অনেক ঘুমের সমস্যা হচ্ছে।

What are you up to? - মতলবটা কি?

Hands off from my body - আমার শরীর থেকে হাত সরাও।

Just Still alive - এই আর কি, এক রকম বেঁচে আছি।

I went off my head on that moment - সে মুহূর্তে আমার মাথা ঠিক ছিল না।

Today I got stuck in a jam - আজ আমি যানজটে আটকে গিয়েছিলাম।

Whom do you like most? - তুমি কাকে অধিক পছন্দ করো?

He somehow managed to keep his temper - তিনি কোন রকমে তার রাগ সংবরণ করেছিল।

The company is closing down - এই কোম্পানী বন্ধ হয়ে যাচ্ছে।

The man had nothing on - লোকটির পরনে কিছুই নাই।

What did you intend to do now? - এখন তুমি কি করবে বলে মনস্থ করলে?

He pretended to be a good man - সে ভালো লোকের ভান করেছিল।

Was it really very funny? - ব্যাপারটা কি আসলেই মজার ছিল?

That's not the way to say 'no', right? - ও ভাবে না' বলতে হয় না, ঠিক আছে?

I won't let you go there - আমি তোমাকে সেখানে যেতে দেব না।

I was somewhat agree - আমি কিছুটা একমত ছিলাম।

How have you been? - তুমি কেমন ছিলে?

Please send message by email - দয়া করে ইমেইলে মেসেজটি পাঠান।

No, nothing serious - না, তেমন মারাত্মক কিছু না।

It's raining outside now - বাহিরে এখন বৃষ্টি হচ্ছে।

Come on, Let's have some tea now - চল, সবাই মিলে একটু চা খাওয়া যাক।

I think I'd better go now - আমি মনে করি আমার বরং চলে যাওয়া ভাল।

I'll be right back - আমি এক্ষুণি আসছি।

He left without permission, didn't he? - সে না বলে চলে গিয়েছে, তাই না?

Certainly, here you are - নিশ্চয়ই, এই যে নিন।

As a matter of fact, I'm very busy - সত্য কথা বলতে কি আমি খুব ব্যস্ত।

Which are good in quality? - কোনগুলোর গুণাগুণ ভাল?

To whom will I give the pen? - কলমটি আমি কাকে দিবো?

Who know? Let's see - কে জানে? দেখি আমরা।

What can you tell me about the incident? - আপনি আমাকে ঘটনাটা সম্পর্কে কি বলতে পারেন?

Won't I be able to help Mina? - আমি কি মিনাকে সাহায্য করতে পারবো না?

Will Monir be back soon? - মনির কি তাড়াতাড়ি দিয়ে আসবে?

There's no need to bother him - তাকে বিরক্ত করার কোন দরকার নেই।

I haven't been feeling well lately - ইদানিং আমি ভালো বোধ করছি না।

Brave my boy! Rightly served - সাবাস বেটা! বেশ হয়েছে।

Ah! Alas for me - আ! পোড়া কপাল।

You did not say anything why you returned - কেন এলে বললে না কিছুই।

I'm coming to pick you up - আমি তোমাকে নিতে আসছি।

It goes without saying that - এটা বলার অপেক্ষা রাখে না।

Oh! Friend, how can I make you understand?

হায়! বন্ধু, কিভাবে তোমাকে বুঝাবো?

Are you getting me - তুমি কি আমার কথা বুঝতে পারছ?

I had a sound sleep - আমার ভালো ঘুম হয়েছিল।

Tell me what's happened? - কি হয়েছে আমাকে বলুন?

Who cares? Did I say anything wrong?

তো কি হয়েছে? আমি কি ভুল কিছু বলেছি?

Can you throw the ball away for me? - তুমি কি বলটা আমাকে ছুড়ে দেবে?

Do you think you'll be back by 10:00? - তুমি মনে করছ কাল দশটার মধ্যে ফিরতে পারবে?

Do you want to me come and pick you up? - তুমি কি চাও আমি এসে তোমাকে নিয়ে যাই?

Indeed he speaks very nice - সত্যি সে অত্যন্ত সুন্দর কথা বলে।

Who are you to say? - তুমি বলার কে?

Money not need to be good man - একজন ভালো মানুষ হতে টাকা লাগে না।

I need a little break - আমার একটু বিরতি দরকার।

Forget what happened - যা হওয়ার হয়ে গেছে।

What is on your mind? - আপনার মনে কি আছে?

Please give a little water - আমাকে একটু পানি দিনতো ।

Good to see you. Good bye - তোমাকে দেখে ভালো লাগল, চলি ।

I have told you twice the word - আমি তোমাকে দুবার কথাটি বলেছি ।

I have an objection - আমার একটা আপত্তি আছে ।

Excuse me, I have disturbed you - মাফ চাইছি, আপনার কাজে ব্যাঘাত ঘটিয়েছি ।

It was unwise for me to say - এ কথা বলা আমার ঠিক হয় নাই ।

Do you work by day or by night? - তুমি দিনে না কী রাতে কাজ কর?

He left the house after me - আমার পরে সে বাড়ি থেকে বেড়িয়েছে ।

Do you know the use of laptop? - তুমি ল্যাপটপের ব্যবহার জানো কি?

It has been so long - কতদিন পর দেখা ।

Have your say - তোমার কথা বল ।

Why don't you see me often? - তুমি আমার সাথে ঘনঘন দেখা কর না কেন?

I have nothing left to lose - আমার হারানোর আর কিছুই নেই ।

May I accompany you? - আমিও আসবো?

I will get back to you soon - আমি শীঘ্রই তোমার কাছে ফিরে আসবো ।

Let me do it myself - আমাকে একাই করতে দাও ।

He is having a very hard time - সে খুব কষ্টে সময় কাটাচ্ছেন ।

He came at six o'clock sharp - সে কাঁটায় কাঁটায় ৬ টায় এসেছিল ।

It has been nice having you - আপনাকে পেয়ে ভাল লাগছিল ।

Oh yeah! You're Rakib - হা-হা, মনে পরেছে, তুমি রাকিব ।

Will you stop poking me? - তুমি আমাকে খোঁচা দেওয়া বন্ধ করবে?

None of your little games - তোমার কোন চালাকি চলবে না ।

There is no point in scolding him without any reason

শুধু শুধু তাকে বকাঝকা করার কোন মানে হয় না ।

Is there a little point in getting anger for such a petty matter?

এতো তুচ্ছ ব্যাপারে রাগ করার কোন মানে হয়?

There is no little point in prolonging speech without any

reason

শুধুশুধু কথা বাড়ানোর কোন অর্থ হয় না।

There is no point in following the same ward repeatedly

এক কথা বারবার শোনার কোন মানে হয় না।

There is no point in repenting like this

এভাবে আফসোস করার কোন মানে হয় না।

There is no point in getting anger without any reason

অনর্থক রাগারাগি করার কোন মানে হয় না।

You stand on the wrong ground - তুমি ভুল করছো।

Why you look so down? - তোমাকে এত মন খারাপ দেখাচ্ছে কেন?

Keep it simple, stupid - আরে গাধা, সোজাসুজি বল।

Why do you lie to me/why do you tell a lie to me?

তুমি আমার সাথে মিথ্যা কথা বলো কেন?

Why don't you reply to my question? - আমার প্রশ্নের জবাব দাওনা

কেন?

I'm dying for a cup of coffee - আমার এক কাপ কফি না হলেই নয়।

Why are you frowning at me? - তুমি আমার দিকে ভ্রু কুচকাচ্ছ কেন?

He fulminated to hear my voice - আমার কথা শুনেই সে তেলে বেগুনে
জ্বলে উঠল।

Why are you flossing in front of me? - তুমি আমার সামনে দাঁত খিলাল
করছো কেন?

Why are you talking with such harsh voice? - তুমি এত কৰ্কস কঠে
কথা বলছো কেন?

He is very much fastidious about clothing - সে পোশাকের ব্যাপারে
খুবই খুঁতখুতে।

I saw a bald-headed man today - আমি আজ এক টেকো লোককে
দেখেছিলাম।

I am hearing a sound of groan - আমি গোঙানো শব্দ শুনতে পাচ্ছি।

He seems to be sit cross legged of mine - মনে হচ্ছে সে আমার
বাসায় আসন গেড়ে বসেছে।

Don't be childish - ছেলেমানুষি করিস না।

Why are you being selfish? - তুমি স্বার্থপরের মত আচরণ করছো কেন?

রেস্টুরেন্ট বিষয়ক ডায়ালগ

(Restaurant English Dialogue)

Waiter says..... (ওয়েটার যা বলে)

Sir, Welcome to Midnight Restaurant.

স্যার, মিডনাইট রেস্টুরেন্টে আপনাকে স্বাগতম।

Which one do you want? - আপনি কোনটি চান?

What can I do for you? - আমি আপনার জন্য কি করতে পারি?

Can I help you? - আমি কি তোমাকে সাহায্য করতে পারি?

Have you booked a table? - আপনি কি একটি টেবিল বুক করেছেন?

Do you want a dessert? - আপনি কি কোন মিষ্টান্ন চান?

The Pizza is very good - পিজাটি খুব ভালো।

Sorry, the Thai soup is off - দুঃখিত থাই স্যুপ নেই।

May I show you to a table? - আমি কি আপনাকে একটি টেবিল দেখাতে পারি?

How many are you? - আপনারা কয়জন?

Can I take your order, sir? - আমি কি আপনার অর্ডার নিতে পারি স্যার?

Would you like to order now or later? - আপনি কি এখন অর্ডার করতে চান নাকি পরে?

Do you need a little time to decide? - আপনার কি সিদ্ধান্ত নিতে একটু সময়ের প্রয়োজন?

Anything to drink? - পান করার মত কিছু আছে?

Is everything all right? - সবকিছু কি ঠিক আছে?

What would you like to drink? - আপনি কি ড্রিন্‌কস করবেন?

Did you enjoy your meal? - আপনি কি আপনার খাবার উপভোগ করেছিলেন?

I'll be right back with your drinks - আমি আপনার ড্রিন্‌কসটি নিয়ে ফিরে

আসবো।

Do you want a salad with it? - আপনি কি এটির সাথে কোন সালাদ চান?

Are you paying together? - আপনারা কি একসঙ্গে পে (পরিশোধ) করবেন?

The table will be free within 5 minutes - ৫ মিনিটের মধ্যেই টেবিলটি ফ্রি হবে।

Do you want vegetables with it? - আপনি কি এটির সাথে শাকসবজি চান?

It'll take about 10 minutes - এটার জন্য দশ মিনিট লাগবে।

Guest says (অতিথি যা বলে)

A table for three, please - তিনজনের জন্য একটি টেবিল, প্লিজ।

The menu, please - প্লিজ, মেনুটি দিন।

We're not ready yet - আমরা এখনও প্রস্তুত নই।

We're ready to order now - আমরা এখন অর্ডার করার জন্য প্রস্তুত।

We would like to order now, please - প্লিজ, আমরা এখন অর্ডার করব।

What is the special menu today? - আজকের স্পেশাল মেনুটি কি?

Chicken fry for me, please - প্লিজ, আমার জন্য চিকেন ফ্রাই।

I'd prefer thai soup - আমি থাই ফুড বেশি পছন্দ করবো।

A salad, please - একটি সালাদ, প্লিজ।

Can you bring me the ketchup, please? - আপনি কি আমাকে টমেটো কেচাপ এনে দিতে পারবেন, প্লিজ?

I'll have the same - আমিও একই খাবার খাবো।

That's all, thank you - এগুলোই সবকিছু, তোমাকে ধন্যবাদ।

Could I have burger instead of Pizza, please?

আমি কি পিজার পরিবর্তে একটি বার্গার পেতে পারি, প্লিজ?

I want beef with rice and a soup

আমি ভাত এবং সুপের সাথে গরুর মাংস চাই।

Here you are - এগুলি আপনার।

The rest is for you - বাকিটা আপনার জন্য।

Please bring for us another pepsi - প্লিজ, আমাদের জন্য আরেকটি পেপসি আনুন।

What can you recommend? - তুমি কি রিকমেন্ড (সুপারিশ) করবে?

Can I have the bill, please? - আমি কি বিলটি পেতে পারি প্লিজ?

Please bring me the bill with my coffee - প্লিজ আমার কফির সাথে আমার বিলটি এনে দিন।

Everything was excellent - সবকিছু দারুণ ছিল।

Feedback/complain (প্রতিক্রিয়া/অভিযোগ)

The burger is delicious - বার্গারটি সুস্বাদু।

The coffee is cold, could you replace it, please? - কফিটি ঠান্ডা, তুমি কি এটি বদলে দিতে পারো, প্লিজ?

Excuse me, but my meal is cold - ক্ষমা করবেন, আমার খাবারটি কিন্তু ঠান্ডা।

Paying the bill (বিল পরিশোধ)

The bill, please - বিলটি প্লিজ।

Could we have the bill, please? - আমরা কি বিলটি পেতে পারি, প্লিজ?

Can I pay by card? - আমি কি কার্ডের মাধ্যমে পরিশোধ করতে পারি?

Is service included? - সার্ভিস খরচ কি সংযুক্ত?

Can we pay separately? - আমরা কি আলাদাভাবে পরিশোধ করতে পারি?

Let's share the bill - চলো বিলটি শেয়ার করি।

“হযরত ওসমান ইবনে আফফান (রাঃ) হইতে বর্ণিত আছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসসালাম এরশাদ করিয়াছেন, যে ব্যক্তি নামাজ পড়া জরুরী মনে করিবে সে বেহেস্তে প্রবেশ করিবে”- আল-হাদীস

শপিং বিষয়ক ডায়ালগ

Customer Says (ক্রেতা যা বলে)

I'm just looking for - আমি আসলে খুঁজছি।

I'm just browsing, thanks - আমি ঘুরে ঘুরে দেখছি মাত্র, ধন্যবাদ।

How much is this? - এটির দাম কত?

How much are these? - এগুলির দাম কত?

That's expensive - এটি ব্যয়বহুল।

Do you sell stamps? - আপনি কি স্টাম্প বিক্রি করেন?

I'm looking for a shampoo - আমি একটি শ্যাম্পু খুঁজছিলাম।

Where can I find the toothpaste? - আমি কোথায় টুথপেস্ট পেতে পারি?

Have you got anything cheaper? - আপনার কাছে কি সস্তা কিছু আছে?

It's not what I'm looking for - আমি যা খুঁজছি এটা তা নয়।

Do you have this item in stock? - আপনার স্টকে এ জিনিসটি কি আছে?

Do you know anywhere else I could try? - আপনি কি জানেন অন্য কোথায় আমি এটি খুঁজতে পারি?

Does it come with a guarantee? - এটার কি গ্যারান্টি আছে?

I'll take it - আমি এটি নিব।

Could you tell me where the washing up liquid is?

আপনি কি বলতে পারেন কোথায় ওয়াশিং লিকুইড পাওয়া যায়?

Shopkeeper Says (বিক্রেতা যা বলে)

What can I do for you? - আমি আপনার জন্য কি করতে পারি?

Would you like any help? - আপনার কি কোন সাহায্য দরকার?

Yeah, here are the things you want - হ্যা, এটাই সে জিনিস যেটি আপনি চাইছেন।

Would you like anything else? - আপনি কি আর কিছু পছন্দ করবেন?

Yeah we have that one - হ্যা, আমাদের কাছে এটি আছে।

It comes with a one year guarantee - এটার এক বছরের গ্যারান্টি আছে।

Sorry, we don't sell them - দুঃখিত, আমরা ওগুলি বিক্রি করিনা।

Sorry, we don't have any left - দুঃখিত, আমাদের কাছে এটি আর নেই।

Sorry, we are out of stock - দুঃখিত, আমাদের স্টক শেষ হয়ে গেছে।

Sorry, that's the last one - দুঃখিত, এটাই শেষটা।

That's cheap - এটি সস্তা।

That's all we have left - এই সবকিছু, আমাদের কাছে যা আছে।

Would you like a bag? - আপনি কি ব্যাগ নিবেন?

Making payment

Next, please! - দয়া করে পরেরটা।

Do you take credit cards? - আপনি কি ক্রেডিট কার্ড গ্রহন করেন?

I'll pay in cash - আমি নগদ পরিশোধ করব।

I'll pay by card - আমি কার্ডে পরিশোধ করব।

Could I have a receipt, please? - অনুগ্রহপূর্বক আমি কি একটি রিসিপ্ট পেতে পারি?

Would you be able to gift wrap it for me? - আপনি কি এই গিফটটি আমার জন্য মুরিয়ে দিতে পারবেন?

I don't have anything smaller - আমার কাছে ভাংতি নেই।

Would you have change for this? - আপনি কি এটা বদলে দেবেন?

Customer Returns and complaints

I'd like to return this - আমি এটি ফেরত দিতে চাই।

it doesn't work - এটি কাজ করে না।

it doesn't fit - এটি ফিট/মানানসই হয় না।

Do you have this in another size/color? - আপনার কাছে এটির অন্য কোন সাইজ/রং আছে?

I'd like to change this for a different size - আমি এটির বদলে একটি ভিন্ন সাইজ নিতে চাই।

Can I bring this back if it's not the right size? - আমি কি এটা ফেরত আনব যদি এটি ঠিক সাইজের না হয়?

Can I bring this back if it doesn't fit? - আমি কি এটা ফেরত আনব যদি এটি মানানসই না হয়।

Could I speak to the manager? - আমি কি ম্যানেজারের সাথে কথা বলতে পারি?

Shopkeeper Says (বিক্রেতা আরো যা বলে)

Closing down sale - বিক্রয় বন্ধ।

Have you got the receipt? - আপনি কি রিসিপ্ট পেয়েছেন?

Buy 1 get 1 free - একটি কিনলে একটি ফ্রি।

Half price - অর্ধেক দাম

Use a credit card - একটি ক্রেডিট কার্ড ব্যবহার করুন।

Enter your PIN - পিন নাম্বার প্রবেশ করান।

Remove card - কার্ডটি বের করুন।

Signature please - এখানে দয়া করে স্বাক্ষর করুন।

ফোনিং ডায়ালগ

Can I speak to manager, please?

অনুগ্রহপূর্বক, আমি কি ম্যানেজারের সাথে কথা বলতে পারি?

May I ask who is calling?

আমি কি জানতে পারি কে কল করেছেন?

The call is very urgent.

কলটি ভীষণ জরুরী।

Yes, this is Robin.

হ্যা, এটা রবিন।

Who is speaking, please?

অনুগ্রহপূর্বক, আপনি কে বলছেন?

What is your phone number?

আপনার ফোন নাম্বার কত?

What number did you dial?

আপনি কোন নাম্বারে ডায়াল করেছিলেন?

Just a moment, please!

অনুগ্রহপূর্বক, একটি মূহূর্ত!

Hold the line, please!

অনুগ্রহপূর্বক, লাইনে থাকুন!

I'll call back later.

আমি পরে কল ব্যাক করব।

Would you like to leave a message?

আপনি কি কোন মেসেজ দিতে চান?

Can I leave a message, please?

অনুগ্রহপূর্বক, আমি কি একটি মেসেজ দিতে পারি?

Can I ask that (your name) called, please?

অনুগ্রহপূর্বক, আপনার ডাক নামটি বলবেন?

Can you ask him/her to call me back?

আপনি কি তাকে আমাকে কলব্যাক করতে বলবেন?

Please speak more slowly.

দয়া করে একটু আস্তে কথা বলুন।

Could you speak up, please?

দয়া করে আপনি কি একটু জোরে কথা বলবেন?

Could you please repeat that?

আপনি কি ঐটা পুনরায় বলবেন?

I'm sorry, I can't hear you very well.

আমি দুঃখিত, আমি আপনার কথা ভালোভাবে বুঝতে পারছি না।

I didn't understand what you just said.

আমি বুঝতে পারলাম না আপনি এইমাত্র কি বললেন।

I'm sorry, he's in a meeting at the moment.

আমি দুঃখিত, তিনি এই মুহূর্তে মিটিংয়ে আছেন।

I'm sorry, he's out of the office today.

আমি দুঃখিত, তিনি আজ অফিসের বাইরে আছেন।

I'm sorry, there's nobody here by that name.

আমি দুঃখিত, ঐ নামের কেউ এখানে নেই।

Sorry, I think that you've dialed the wrong number.

দুঃখিত, আমার মনে হয় আপনি ভুল নাম্বারে ডায়াল করেছেন।

আনন্দ/বেদনা বিষয়ক ডায়ালগ

It's very kind of Allah - এটা আল্লাহর অশেষ কৃপা।

Cheers - দারুন

Smashing - অসাধারণ

Super - সুপার

Oh, how marvelous! - ওহ, কি দারুন!

Oh what a pleasant! - ওহ কি আনন্দদায়ক!

That is awesome - ঐটা দারুন।

I'm over the moon - আমি ভীষণ খুশি ।

I am delighted - আমি আনন্দিত ।

I'm so happy - আমি খুবই খুশি ।

Having a whale of a time - সময়টা দারুন কাটাচ্ছি ।

It is really delightful - এটা সত্যিই আনন্দের ।

It is my pleasure - এটা আমার জন্য আনন্দের ।

It is wonderful - এটা অসাধারণ ।

I'm really pleased - আমি সত্যিই আনন্দিত ।

I'm really grateful - আমি সত্যিই কৃতজ্ঞ ।

Wow, that sounds exciting - বাহ! সত্যিই উত্তেজনাপূর্ণ

What fantastic news! - কি দারুন সংবাদ!

What wonderful news! - কি অসাধারণ খবর!

Great - অসাধারণ ।

I'm glad to hear that - শুনে খুশি হলাম ।

I can't believe that - আমি বিশ্বাস করতে পারছি না ।

I am so excited - আমি খুব উত্তেজিত ।

I'm having good time - আমি দারুন সময় কাটাচ্ছি ।

It's really great pleasure - এটা সত্যিই অনেক আনন্দদায়ক ।

I had a splendid time - আমার দারুন সময় কেটেছিল ।

Thank Allah - শুকরিয়া আল্লাহ ।

What great news! - কি চমৎকার সংবাদ!

That is good - ঐটা ভালো ।

Marvelous - অবিশ্বাস্য, বিস্ময়কর ।

Have a very good time - খুব ভালো সময় কাটাচ্ছি ।

Have an exciting or fun time - আনন্দদায়ক সময় কাটাচ্ছি ।

You really make me happy - তুমি সত্যি আমাকে খুশি করেছো ।

On cloud nine (very happy, cheerful) - ভীষণ উৎফুল্ল, আনন্দিত

I can't say how pleased I am - আমি বলতে পারছি না আমি কতটা আনন্দিত ।

I feel I'm floating on the clouds - আমার মনে হচ্ছে আমি আনন্দে ভেসে যাচ্ছি।

What a great news! I'm flying on the sky - কি দারুন সংবাদ! আমি আনন্দে আত্মহারা হয়ে যাচ্ছি।

I've been waiting so long for this good news - এ সুখবরটির জন্য আমি দীর্ঘ দিন ধরে অপেক্ষা করছি।

Expressing disappointment - হতাশা প্রকাশ করা।

I feel disappointed - আমি হতাশা বোধ করছি।

It's a shame - এটা একটা লজ্জা।

Oh, no! - এটা হতে পারে না!

What a nuisance - কি বিরক্তিকর একজন।

I really hate - আমি সত্যিই ঘৃণা করি।

It really makes me angry - এটা সত্যিই আমাকে রাগিয়ে তোলে।

I'm very annoyed - আমি খুবই বিরক্ত।

What a pity - কি দুঃখজনক।

How disappointing - কি হতাশাজনক।

That's disgusting - সেটা বিরক্তিকর।

What a bummer - কি হতাশাগ্রস্ত।

It was a let down - এটা ছিল হতাশার।

What a shame - কি লজ্জাজনক।

That's too bad - এটা সত্যিই খুব খারাপ।

That's so disappointing - এটা সত্যিই হতাশাজনক।

That's stinks - সেটা বেদনাদায়ক।

It didn't live up to my expectation - এটা আমার প্রত্যাশা অনুযায়ী ছিল না।

কোন পরিবেশে ইংরেজিতে কি বলবেন

এক নজরে দেখুন- ইংরেজিতে কখন, কি বলবেন

- ★ কারো সাথে পরিচিত হলে - Hello, Nice to meet you.
- ★ উৎসাহ দিতে - Good job/Well done – (সাবাশ!)
- ★ কারো কথা বুঝতে পারলে - I see/I understand/I got it
- ★ কারো কথা বুঝতে না পারলে - Sorry?
- ★ ধন্যবাদ জানাতে - I am grateful to you (আমি তোমার প্রতি কৃতজ্ঞ)
- ★ কেউ কুশল জিজ্ঞাসা করলে - I'm extremely well (আমি বেশ ভাল আছি)
- ★ কারো খোঁজ/খবর নেওয়া.....
What's up - কি ব্যপার?, What's going on - কেমন চলছে?
- ★ কারো দৃষ্টি আকর্ষণ করা....
Excuse Me – শুনুন, Hey, got it? – এই, বুঝতে পেরেছো?
- ★ কাউকে অপেক্ষা করতে বললে....
Just a moment/Hang on a moment- (একটু অপেক্ষা করুন)
- ★ মতামত প্রকাশ করতে.....
In my point of view – আমার দৃষ্টিকোণ থেকে,
As far as I'm concerned – আমার মনে হচ্ছে যে,
- ★ বিদায় জানাতে - See you later - (পরে দেখা হবে)
- ★ প্রস্তাব দেওয়া - Would you like something to drink?
আপনি কি কিছু পান করবেন?
- ★ সাহায্য চাওয়া - Could you give me a hand?
তুমি কি আমাকে সাহায্য করতে পারবে?
- ★ কারো নাম জানতে - Can I have your name?
(আমি কি তোমার নাম জানতে পারি?)

কোন পরিবেশে ইংরেজিতে কি বলবেন..... (বিস্তারিত)

ইংরেজিতে উৎসাহিত করবেন যেভাবে (Encouragement)

Good job - সাবাশ!

Keep going - চলতে থাকো।

Don't be afraid - ভয় পেয়ো না।

Never Give up - হাল ছেড়ো না।

That's a good effort - এটা একটা ভালো প্রচেষ্টা।

There is nothing to fair - ভয়ের কোন কারণ নেই।

Believe in yourself - নিজের ওপর বিশ্বাস রাখ।

Don't get nervous - ঘাবড়াবে না।

Stay strong - শক্ত হও।

Rest assured - নিশ্চিন্তে থাকুন।

Don't hesitate - সংকোচ করবে না।

Do your best - সাধ্যমতো চেষ্টা করো।

Don't worry - চিন্তা করো না।

Good luck on your test - আপনার পরীক্ষা সফল হোক।

Come on, you can do it - শোন, তুমি এটা করতে পারবে।

ধন্যবাদ জানাবেন যেভাবে.....

Thanks a lot - অনেক ধন্যবাদ।

I am grateful to you - আমি তোমার প্রতি কৃতজ্ঞ।

You've done a lot for me - তুমি আমার জন্য অনেক কিছু করেছো।

That was so kind of you - এটা ছিল তোমার মহানুভবতা।

Thanks for being helpful - সহায়ক হওয়ার জন্য ধন্যবাদ।

You are invaluable to me - তুমি আমার কাছে অমূল্য।

I will never forget what you have done - তুমি যা করেছো তা আমি কখনই ভুলব না।

I appreciate you for being with me - আমার সাথে থাকার জন্য আমি তোমার তারিফ করছি।

Your generosity overwhelms me - তোমার উদারতা আমায় মুগ্ধ করেছে।

I am thankful for your support - তোমার সমর্থনের জন্য আমি কৃতজ্ঞ।

I am indebted to you - আমি তোমার কাছে ঋণী।

I was nothing without you - তুমি ছাড়া আমি কিছুই ছিলাম না।

Words are powerless to express my gratitude - আমার কৃতজ্ঞতা ভাষায় প্রকাশ করা সম্ভব নয়।

ইংরেজিতে কারো দৃষ্টি আকর্ষণ করা

Excuse Me - শুনুন।

Can you hear me? - আমার কথা শুনছেন?

Listen to me - আমার কথা শুনুন।

Hey, got it? - এই, বুঝতে পেরেছো?

Oh, come on! - আহ, একটু বুঝতে চেষ্টা করোতো!

May I have your attention please

আপনি যদি একটু এদিকে নজর দেন।

Is it clear to you? - এটা কি তোমার কাছে পরিষ্কার?

Are you with me? - আমার কথা শুনছেন তো?

Do you follow me? - আমার কথা বুঝতে পারছো তো?

Do you understand? - তুমি কি বুঝতে পারছো?

Don't you hear me? - তুমি কি আমার কথা শুনতে পাচ্ছে না?

বিদায় জানাবেন যেভাবে

Bye Bye! - বিদায়।

Goodbye - বিদায়।

See you later - পরে দেখা হবে।

I'm out here - আমি এখান থেকে যাচ্ছি।

It's time to be going! - এখন যাওয়ার সময়।

Catch you later - তোমার সাথে পড়ে দেখা করব।

It was great to see you - তোমাকে দেখা ছিল খুবই আনন্দের।

Have a lovely/nice evening - সন্ধ্যাটা সুন্দর কাটাও।

Have a good day - ভাল একটি দিন কাটাও।

Take care of yourself - তোমার নিজের যত্ন নিও।

I've got to get going - আমার যেতেই হচ্ছে।

Ok, everyone, it's time to leave you

ঠিক আছে, প্রত্যেককে ছেড়ে যাওয়ার সময় হয়েছে।

Anyway, guys I'm going to make a move

যাইহোক বন্ধুগণ, আমি এখন উঠতে যাচ্ছি।

I am little bit busy, talk to you later.

আমি কিছুটা ব্যস্ত, তোমার সঙ্গে পরে কথা বলব।

It was nice to see you again.

তোমার সাথে আবার দেখা হওয়াটা দারুণ।

Farewell, my friends, I am going abroad tomorrow.

বিদায় বন্ধুগণ, আমি আগামীকাল বিদেশ চলে যাচ্ছি।

কিভাবে দুঃখ প্রকাশ করবেন

Sorry - দুঃখিত।

I'm sorry - আমি দুঃখিত।

I'm really sorry - আমি সত্যিই দুঃখিত।

I apologize - আমি ক্ষমা চাইছি।

Excuse me - আমাকে ক্ষমা করবেন।

Pardon me! - আমাকে ক্ষমা করুন।

I regret - আমি অনুতপ্ত।

Silly me! - কি বোকা আমি!

Please forgive me - দয়া করে আমাকে ক্ষমা করুন।

I messed up - আমি তালগোল পাকিয়ে ফেলেছিলাম।

I hope you can forgive me - আমি আশা করি আপনি আমাকে ক্ষমা করতে পারবেন।

I am/was in the wrong - আমি ভুলের মধ্যে আছি/ছিলাম।

I would like to express my regret - আমি আমার অনুতাপ প্রকাশ করতে চাই।

I am really most terribly sorry - আমি সত্যিই অনেক দুঃখিত।

Please excuse my behavior - দয়া করে আমার ব্যবহার ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখবেন।

Congratulations! – (অভিনন্দন)

Best wishes - অভিনন্দন।

Congrats! You are the winner - অভিনন্দন! তুমিই বিজয়ী।

Congratulations for your new job! - তোমার নতুন চাকরির জন্য অভিনন্দন।

Congratulations on your success - তোমার সফলতার জন্য শুভকামনা।

Congratulations! You deserve it! - অভিনন্দন! তুমি এটা পাওয়ার যোগ্য।

Congratulations on your promotion - তোমার পদোন্নতির জন্য অভিনন্দন।

That was excellent! Congratulations! - ঐটা ছিল দারুণ! অভিনন্দন।

Bravo! You have completed the task nicely - সাবাস! তুমি কাজটা দারুণভাবে শেষ করেছো।

I'm so glad! My heartiest congratulations! - আমি খুবই আনন্দিত!

আমার অন্তরের অন্তস্থল থেকে শুভেচ্ছা।

Congratulations on passing your BCS test! - বিসিএস টেস্টে
পাশের জন্য তোমাকে অভিনন্দন।

Congrats! You deserve that prize - অভিনন্দন! তুমি পুরস্কার পাওয়ার
যোগ্য।

Heartfelt congratulation for your good result - তোমার ভালো
ফলাফলের জন্য হৃদয়গ্রাহী শুভেচ্ছা।

General Agreeing - সাধারণ সম্মতি প্রকাশ

I agree with you - আমি তোমার সাথে একমত।

I think you are right - আমার মনে হয় তুমি সঠিক।

That's right - সেটা ঠিক।

I fully agree with you - আমি তোমার সাথে সম্পূর্ণ একমত।

You are absolutely right - তুমি সম্পূর্ণ সঠিক।

I agree with you 100 percent - আমি তোমার সাথে ১০০ ভাগ
একমত।

That's exactly how I feel - ঠিক এটাই আমি অনুভব করছি।

No doubt about it - এ ব্যাপারে কোন সন্দেহ নেই।

Disagreeing - অসম্মতি প্রকাশ

I totally disagree - অসম্মতি প্রকাশ।

I don't agree with you - আমি তোমার সাথে একমত নই।

That's not always true - সেটা সবসময় সত্য নয়।

I'll never agree - আমি কখনই রাজি হব না।

I am sorry to say this - আমার বলতে খারাপ লাগছে।

I'm afraid I disagree - আমি শংকিত, আমি অমত।

I'm not sure I agree with you - আমি নিশ্চিত না তোমার সাথে
একমত কিনা।

কিভাবে আপনার মতামত প্রকাশ করবেন

- I'd suggest that - আমি পরামর্শ দেব যে ।
 In my point of view - আমার দৃষ্টিকোণ থেকে
 From my point of view - আমার দেখা মতে ।
 I'd like to point out that - আমি উল্লেখ করতে চাই যে ।
 As far as I'm concerned - আমার মনে হচ্ছে যে ।
 I believe that - আমি বিশ্বাস করি যে ।
 In my experience - আমার অভিজ্ঞতায় বলে যে ।
 Personally, I think - ব্যক্তিগতভাবে আমি মনে করি ।
 What do you think? - তুমি কি মনে কর?
 What's your view? - তোমার দৃষ্টিভঙ্গি কি?
 How do you see the situation? - তুমি পরিস্থিতি কেমন দেখছো?
 What's your opinion? - তোমার মতামত কি?
 I'd say that - আমি বলব যে...
 What I mean is - আমি যেটা বোঝাতে চাচ্ছি যে...
 I'm sure that - আমি নিশ্চিত যে...
 I have no doubt that - আমার কোন সন্দেহ নেই যে ।

১০টি উপায়ে ইংরেজিতে বলুন 'Wait'

- Hold on- অপেক্ষা কর ।
 Hold your horses - ধৈর্য ধর ।
 Wait a bit - একটু অপেক্ষা কর ।
 Wait for a while - কিছুক্ষণের জন্য অপেক্ষা কর ।
 Just a moment - এক মুহূর্ত অপেক্ষা করুন ।
 Hang on a moment- একটু অপেক্ষা করুন ।
 Hold on a minute - এক মিনিট অপেক্ষা করুন ।
 Don't be so impatient - এতো অধৈর্য হয়ো না ।
 I'll be back in 2 minutes - আমি ২ মিনিটের মধ্যে আসছি ।
 I'll be right with you- আমি এক্ষুনি দিচ্ছি/আসছি ।

১০টি উপায়ে ইংরেজিতে বলুন "How you are"

I am ok - আমি ঠিক আছি

So so - মোটামুটি

Pretty good - বেশ ভালো

As usual - আগের মতোই

Fit as a fiddle - খুব ভালো আছি

I am dandy - আমি চমৎকার আছি

I am fantastic - আমি চমৎকার আছি

I feel great - আমার বেশ ভালো লাগছে

I am not so fine - আমি ততোটা ভালো নেই

I'm fine, thanks - আমি ভালো আছি, ধন্যবাদ

I'm simply going on - আমি মোটামুটি ভাল আছি।

১০টি উপায়ে ইংরেজিতে বলুন "Beautiful"

Pretty (প্রিটি) - সুন্দর

Attractive (এট্রাক্টিভ) - আকর্ষণীয়

Stunning (স্টানিং) - অত্যাশ্চর্য

Lovely (লাভলি) - কমনীয়

Dazzling (ড্যাজলিং) - চকচকে

Ravishing (র্যাভিশিং) - মনোমুগ্ধকর

Gorgeous (গর্জিয়াস) - জমকালো

Handsome (হ্যান্ডসাম) - সুদর্শন

Exquisite (এক্সকুইস্ট) - সৌন্দর্যপূর্ণ

Eye-catching (আই-ক্যাচিং) - দৃষ্টিনন্দন

১০টি উপায়ে ইংরেজিতে বলুন "No"

Nope - না

Not now - এখন না

No way - কোনভাবেই না

Unfortunately not - দুর্ভাগ্যবশত না

Under no circumstances - কোন অবস্থাতেই না

I wish I were able to - আমি যদি করতে পারতাম

I won't be able to help - আমি সাহায্য করতে পারবো না

Regrettably, I'm not able to - দুঃখজনকভাবে, আমি সক্ষম নই

I'm honored, But I can't - আমি সম্মান করছি, কিন্তু পারছি না

No thank you, but it sounds lovely

না, তোমাকে ধন্যবাদ, কিন্তু এটা খুবই চমৎকার

Expressing disappointment - (হতাশা প্রকাশ করা)

What a pity! - কি দুঃখজনক!

How disappointing - কি হতাশাজনক!

That's disgusting - সেটা বিরক্তিকর।

What a bummer! - কি হতাশাব্যঞ্জক!

It was a letdown - এটা ছিল হতাশার।

What a shame! - কি লজ্জাজনক!

That's too bad - এটা সত্যিই খুব খারাপ।

That's so disappointing - এটা সত্যিই হতাশাজনক।

That stinks - সেটা বেদনাদায়ক।

Asking Help - (সাহায্য চাওয়া)

I need some help - আমার একটু সাহায্যের প্রয়োজন।

Could you give me a hand? - তুমি কি আমাকে সাহায্য করতে পারবে?

Can I ask a favor? - আমি কি একটু উপকার চাইতে পারি?

Could you do me a favor? - তুমি কি আমার একটা উপকার করতে পারবে?

Lend me a hand with this, will you? - আমাকে একটু সাহায্য করো, করবে কি?

Could you spare a moment? - তুমি কি একটা মুহূর্ত ব্যয় করতে পারবে?

I can't manage. Can you help? - আমি ম্যানেজ করতে পারছি না।
তুমি কি সাহায্য করতে পারবে?

Could you help me out? - তুমি কি আমাকে সাহায্য করতে পারবে?

Please, help me - দয়া করে আমাকে সাহায্য কর

Excuse for being late - (দেরি হওয়ার অজুহাত)

Sorry for being late - দেরি হওয়ার জন্য দুঃখিত।

My alarm didn't go off - আমার এলার্ম বন্ধ হয়ে ছিল।

I overslept - আমি একটু বেশি ঘুমিয়েছিলাম।

I'm late due to traffic - ট্রাফিক জ্যামের জন্য আমার দেরি হয়েছে।

I just lost track of time - আমি শুধুমাত্র সঠিক সময়টা হারিয়েছি।

Sorry, I was in a meeting - দুঃখিত আমি একটি মিটিংয়ে ছিলাম।

I had to complete a sudden task - আমার হঠাৎ বেধে যাওয়া একটি কাজ সম্পন্ন করতে হয়েছিল।

I had to wait for bus - আমার বাসের জন্য অপেক্ষা করতে হয়েছিল।

I didn't know the class time - আমি ক্লাসের সময় জানতাম না।

Invitation (ইংরেজিতে আমন্ত্রণ জানানো)

Are you free next Sunday? - আপনি কি পরবর্তী রবিবারে ফ্রি আছেন?

Would you like to come? - আপনি কি আসবেন?

Are you available in the evening? - আপনাকে কি সন্ধ্যায় পাওয়া যাবে?

Wanna go hiking on Friday? - শুক্রবারে কি ভ্রমণে যেতে চান?

What are you doing next Saturday? - আপনি পরের শনিবারে কি করবেন?

Would you like to join me for lunch? - আপনি কি আমার সাথে দুপুরের খাবারে যোগ দিবেন?

Are you phoning him tomorrow morning? - আপনি কি তাকে কাল সকালে ফোন করছেন?

Are you joining with me in the evening? - আপনি কি সন্ধ্যায় আমার সাথে যোগ দিচ্ছেন?

Are you doing anything next weekend? - আপনি পরবর্তী সপ্তাহান্তে কি কোনকিছু করছেন?

ইংরেজিতে অর্ডার/উপদেশ দেওয়া

Send for him - তাকে ডেকে পাঠাও।

Be punctual - সময়ানুবর্তী হও।

Go back - ফিরে যাও।

Take care - যত্ন নিবেন।

Do your own work - নিজের কাজ নিজে কর।

Talk politely - নম্রভাবে কথা বল।

Stop smoking - ধূমপান বন্ধ কর।

Mend your ways - তোমার চাল-চলন শোধরাও।

Entertain the guest - অতিথিদের আপ্যায়ন করো।

Come soon - শীঘ্রি এসো।

Keep pace with me - আমার সাথে সাথে চলো।

Be quiet - চুপ থাকো।

Don't move - নড়াচড়া করবেন না।

Hire a taxi - একটা ট্যাক্সি ভাড়া করো।

Give up bad habits - বদ অভ্যাস ত্যাগ করো।

Do not hold up the work - কাজে বাধা দিও না।

Draw the curtain - পর্দা উঠিয়ে দাও।

Expressing guess

- I guess that's a good question - আমার ধারণা এটা একটা ভাল প্রশ্ন।
I guess he was lying - আমার মনে হয় সে মিথ্যা বলছিল।
I'd say she is 18 - আমার ধারণায় তার বয়স ১৮।
Chances are he is 25 - তার বয়স ২৫ হওয়ার সম্ভাবনা।
I guess that will do - আমার ধারণা এটা কাজ করবে।
I guess it is about 7'o clock - আমার ধারণা এখন ৭টা বাজে।
I guess he will come - আমার মনে হয় সে আসবে।
I guess it's true - আমার মনে হয় এটা সত্য।
Probably I'll get the job - সম্ভবত, আমি চাকরিটা পেয়ে যাবো।
I guess you are right - আমার ধারণা তুমিই সঠিক।
I guess he is a hard working man - আমার মনে হয় সে একজন কঠোর পরিশ্রমী ব্যক্তি।
I guess she is not so interested - আমার মনে হয় সে ততটা আগ্রহী নয়।

Expressing sympathy (সহানুভূতি প্রকাশ)

- I'm sorry. What a bad luck! - আমি দুঃখিত। কি দুর্ভাগ্য!
Oh, how upsetting! - ওহ, কি হতাশাজনক!
I'm sorry to hear that - এটা শুনে আমি সত্যিই দুঃখিত।
I feel sorry for you - তোমার জন্য আমার কষ্ট হচ্ছে।
Oh! I can feel your pain - ওহ! আমি তোমার যন্ত্রনা বুঝতে পারছি।
Our heartfelt condolence - আমাদের হৃদয় নিংড়ানো সান্তনা।
Bad luck! don't worry - দুর্ভাগ্য! চিন্তা করোনা।
I'm extremely sorry for that - আমি সেটার জন্য খুব দুঃখিত।
I'm terribly sorry to see your state - তোমার অবস্থা দেখে আমার ভীষণ দুঃখ হচ্ছে।

পারস্পরিক সাক্ষাতে কি বলবেন

Howdy! – কেমন আছো?

What's up – কি খবর?

What's new – নতুন কি খবর?

what's going on – কেমন চলছে?

Good to see you – তোমাকে দেখে ভালো লাগলো।

How's life – জীবন কেমন কাটছে?

How's your day – তোমার দিনকাল কেমন যাচ্ছে?

It's been a long time – অনেকদিন পর দেখা।

How long has it been – এতদিন কেমন ছিলে?

How's everything – সবকিছু কেমন চলছে?

It's been too long – অনেকদিন পার হলো।

It has been a long time – অনেকদিন পর দেখা।

Where have you been hiding – এতদিন কোথায় লুকিয়ে ছিলে?

It's pleasure to see you – তোমাকে দেখে আনন্দ লাগলো।

What have you been up to all these years – এতগুলো বছর তোমার কেমন কাটলো?

“ঐ ব্যক্তির কথার চেয়ে উত্তম কথা আর কার, যে মানুষকে আল্লাহর পথে ডাকে,
নিজে নেক আমল করে ও বলে যে আমি একজন সাধারণ মুসলমান”

- আল-কোরআন

ইংরেজিতে প্রশ্নের উত্তর দিবেন যেভাবে

Ques: What time is it? – এখন কয়টা বাজে?

Answer (উত্তর) গুলো হতে পারে.....

- Let me check my watch – আমাকে আমার ঘড়িটা দেখতে দাও।
- Sorry I don't know – দুঃখিত আমি জানিনা।
- Sorry, I don't have watch – দুঃখিত আমার কোন ঘড়ি নেই।
- It is half past five – এখন সাড়ে পাচটা বাজে।
- It is eight o'clock – এখন আটটা বাজে।
- It's quarter to seven – এখন সোয়া সাতটা বাজে।

Ques: What do you do? – আপনি কি করেন?

Answer (উত্তর) গুলো হতে পারে.....

- I'm student – আমি একজন ছাত্র।
- I work in a Bank – আমি একটি ব্যাংকে চাকরি করি।
- I'm unemployed at the moment
এই মুহুর্তে আমি বেকার।
- I am an engineer – আমি একজন প্রকৌশলী।
- I am a freelancer – আমি একজন মুক্তপেশাজীবী।
- I work in the admin department of a company.
আমি একটি কোম্পানীর প্রশাসনিক বিভাগে কাজ করি।

Ques: Are you married? – আপনি কি বিবাহিত?

Answer (উত্তর) গুলো হতে পারে.....

- Yes I'm married – হ্যা, আমি বিবাহিত।
- No, I'm single – না, আমি সিঙ্গেল।
- No, but looking for someone nice
না, কিন্তু আমি দারুণ কাউকে খুঁজছি।
- I'm divorced – আমি তালাকপ্রাপ্ত।
- Yes, I've married lately – হ্যা, সম্প্রতি আমি বিয়ে করেছি।
- I'm engaged. We are getting married next year
আমার আকদ হয়েছে। আমরা আগামী বছর বিয়ে করতে যাচ্ছি।

Ques: Can you give me a hand?

তুমি কি আমাকে সাহায্য করতে পারো?

Answer (উত্তর) গুলো হতে পারে.....

- Sure, Just a see – অবশ্যই, দেখিতো কেমন।
- Will it take long? – এটা কি অনেক সময় লাগবে?
- Obviously, why not? – অবশ্যই, কেন নয়।
- Offcourse, it's my responsibility- অবশ্যই এটা আমার দায়িত্ব
- I'd be glad too – আমিও আনন্দিত হবো।
- Sorry, I can't right now – দুঃখিত, আমি এই মুহূর্তে পারছি না।
- Sorry, I'm a bit busy at the moment
দুঃখিত, আমি এই মুহূর্তে একটু ব্যস্ত আছি।

Ques: Why are you learning English?

আপনি কেন ইংরেজী শিখছেন?

Answer (উত্তর) গুলো হতে পারে.....

- English is necessary to get a good job – ভাল একটি চাকরি পেতে ইংরেজী দরকার।
- Because I'd like to immigrate to the UK – কারণ, আমি যুক্তরাজ্যে যাবো।
- I'm interested to study abroad – আমি বিদেশে পড়াশোনা করতে আগ্রহী।
- I can read English novels – আমি ইংরেজী উপন্যাস পড়তে পারি।
- I can communicate with English when travel – আমি ইংরেজীতে যোগাযোগ করতে পারি যখন ভ্রমণ করি।
- I can communicate to my foreign buyers – আমি আমার বিদেশী ক্রেতাদের সাথে যোগাযোগ করতে পারি।

Ques: What do you do in your free time? – তুমি তোমার অবসর সময়ে কি করো?

Answer (উত্তর) গুলো হতে পারে.....

- I recite the Holy Quran – আমি কোরআন তেলওয়াত করি।
- I like to do gardening – আমি বাগান করতে পছন্দ করি।
- I usually hang out with friends – আমি সাধারণত বন্ধুদের সাথে ঘুরতে বের হই।
- I like to relax at home – আমি বাড়িতে আরাম করতে পছন্দ করি।

- I like travelling in leisure time – আমি অবসর সময়ে ঘুরতে পছন্দ করি।
- I like to do cycling in free time – আমি অবসর সময়ে সাইকেল চালাতে পছন্দ করি।

Ques: How's it going? – সবকিছু কেমন চলছে?

Answer (উত্তর) গুলো হতে পারে.....

- I'm fine & you? – আমি ভালো আছি, তুমি?
- I'm so so – আমি মোটামুটি আছি।
- Not so good – বেশি ভালো নয়।
- Do you really wanna know? – তুমি কি সত্যিই জানতে চাও?
- Yeah, everything is fine. – হ্যা, সবকিছুই দারুণ চলছে।
- Oh, I'm just having a rough day
ওহ, আমি একটি কঠিন দিন পার করছি।

Ques: How are you feeling? – তুমি কেমন বোধ করছো?

Answer (উত্তর) গুলো হতে পারে.....

Simply awesome – এক কথায় অসাধারণ।

A little depressed – একটু হতাশাগ্রস্ত।

Really awful – সত্যিই খুব খারাপ।

Like I need a hang out. – মনে হচ্ছে আমার ঘুরতে যাওয়া দরকার।

Great! feeling happy – দারুণ! আনন্দ লাগছে।

I'm tensed – আমি দুশ্চিন্তাগ্রস্ত।

ইংরেজি বাক্যের কমন ভুল ও গ্রামাটিক্যাল রুল অনুযায়ী সংশোধন

Rule-1

Incorrect: He saw the boy play in the field.

Correct: He saw the boy **playing** in the field.

Rule: Simple sentence এ দুটি verb থাকলে দ্বিতীয় verb এর সাথে ing যুক্ত হয়।

Rule-2

Incorrect: Any of these two shirts is nice.

Correct: Either of these two shirts is nice.

Rule: Either দুইয়ের মধ্যে এটি বা ওটি অর্থ প্রকাশ করে, কিন্তু any তিন বা ততোধিক এর মধ্যে একটি অর্থ প্রকাশ করে।

Rule- 3

Incorrect: Tipu as well as his friends are going to market.

Correct: Tipu as well as his friends is going to market.

Rule: With, as well as, together with, দ্বারা বাক্যে কোন Noun বা Pronoun যুক্ত হলে দুটি subject এর মধ্যে প্রথম subject অনুযায়ী Auxiliary verb ব্যবহার হবে।

Rule- 4

Incorrect: I have saw him recently.

Correct: I have seen him recently.

Rule: Sentence এ yet, just, recently, already, lately ইত্যাদি থাকলে present perfect tense হবে।

Rule- 5

Incorrect: The Scene of Kasmir is nice.

Correct: The scenery of Kasmir is nice.

Rule: একটি নির্দিষ্ট স্থান নির্দেশ করে Scene, কিন্তু একটি দেশের সামগ্রিক সৌন্দর্য নির্দেশ করতে scenery হবে।

Rule-6

Incorrect: He has returned back to University

Correct: He has returned to University

Rule: returned এর অর্থ ফিরে আসা, back অর্থও ফিরে আসা, সো, এখানে back লেখার প্রয়োজন নেই।

Rule-7 Tall & High

Incorrect: Tomal is six feet high.

Correct: Tomal is six feet tall.

Rule: Tall সাধারণত ব্যক্তির জন্য ব্যবহৃত হয়। High ব্যবহৃত হয় গাছ, বিল্ডিং, পিলার, পর্বত ইত্যাদি ক্ষেত্রে।

যেমন: The apartment is 100 feet high.

Rule- 8

Incorrect: "The hundreds" are a famous book.

Correct: "The hundreds" is a famous book.

Rule: বই/দেশের নাম দেখতে plural হলেও তাদের পরে singular verb বসে।

Rule- 9

Incorrect: They enjoy play cricket.

Correct: They enjoy playing cricket.

Rule: সুনির্দিষ্ট কিছু Verb এর পরে verb+ ing হবে, যেমন: Avoid, enjoy, keep, admit, mind, stop.

Rule- 10

Incorrect: Divide the apple among the two boys.

Correct: Divide the apple between the two boys.

Rule: Preposition রুল অনুযায়ী দুয়ের মধ্যে বুঝাতে between এবং দুইয়ের অধিক বুঝাতে among ব্যবহৃত হয়।

Rule-11 Discover এবং Invent

Incorrect: America was invented by Columbus.

Correct: America was discovered by Columbus.

Incorrect: Edison discovered the gramophone.

Correct: Edison invented the gramophone.

Rule: To discover হল অজানা কোন কিছুকে খুঁজে পাওয়া বা আবিষ্কার করা, কিন্তু invent অস্তিত্বহীন কোন কিছুকে তৈরি করা বা আবিষ্কার করা।

Rule-12

Incorrect: I was hearing his lecture.

Correct: I was listening to his lecture.

Incorrect: I was hearing her recitation the Holy Quran.

Correct: I was listening to her recitation the Holy Quran.

Rule: to hear হল- সাধারণভাবে কোন কিছু শ্রবণ/করা বুঝায় আর To listen মনোযোগ/দৃষ্টি আকর্ষণ করে কোন কিছু শোনা বুঝায়।

Rule- 13

Incorrect: I preferring milk to tea/I understanding the lesson now.

Correct: I prefer milk to tea/I understand the lesson now.

Rule: গ্র্যামাটিক্যাল রুল অনুসারে যে verb গুলো কর্মনির্দেশক অবস্থা নির্দেশ করে, সেই verb গুলোর কোন continuous forms হয় না, যেমন: believe, understand, like, prefer, see ইত্যাদি।

Rule- 14

Incorrect: I have seen him last week.

Correct: I saw him last week.

Rule: বাক্যে অতীত সময় নির্দেশক যেমনঃ Yesterday, last week, last year ইত্যাদি থাকলে সর্বদা Past tense হবে।

বইয়ের বাকি অংশ
পড়তে বইটি কিনুন